তারিখ ২৭।১২।৮১
পৃষ্ঠা ............ কলাম ..........

দৈনিক বাংলা

৩২৪

044

# হামুদুর রহমানের মৃত্যুতে ঢাকা ভার্সিটি গৃহীত কর্মসূচী বাতিল

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

সাবেক ভাইস-চ্যান্সেলর বিচারপতি হামুদুর রহমানের মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পূর্ব-নির্ধারিত কর্মসূচী শনিবার বাতিল করা হয়। এ কর্মসূচীকে কেন্দ্র করে গতকাল সকাল থেকেই ছাত্রদের মধ্যে উত্তেজনা বিরাজ করছিল।

উল্লেখ্য, বিচারপতি হামুদুর রহমানের মৃত্যুতে শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছুটি ঘোষণা করা হয়। এছাড়া বেলা এগারটায় একটি শোকসভা অনুষ্ঠানেরও সিদ্ধান্ত নেয়া হয়।

ডাকসুসহ পাঁচটি ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘোষিত গতকালের কর্মসূচীর বিরোধিতা করে। এর কারণ হিসেবে ছাত্র সংগঠনসমূহ ১৯৬২ সালে হামুদুর রহমান শিক্ষানীতির বিরুদ্ধে ছাত্র আন্দোলনের কথা উল্লেখ করে।

প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর এ কে এম সিদ্দিক গতকাল সকালেই নির্ধারিত শোকসভা বাতিল ঘোষণা করেন; সকাল সাড়ে দশটায় টিএসসিতে ডাকসুর সাহিত্য সপ্তাহের

(৫-এর পৃঃ দ্রঃ)

উদ্বোধনী অনুষ্ঠানে ডাকসু এবং চারটি ছাত্র সংগঠন পৃথক পৃথকভাবে মিছিল করে ছুটি বাতিলের দাবী জানাতে থাকে। প্রো ভাইস-চ্যান্সেলর প্রফেসর এ কে এম সিদ্দিক এ অনুষ্ঠানের সভাপতি ছিলেন। ছাত্রদের দাবীর মুখে তিনি গতকালের ঘোষিত ছুটি বাতিল করেন।

অনুষ্ঠানে বিচারপতি হামুদুর রহমানের মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ে ছুটি ঘোষণা এবং শোকসভা কর্মসূচীর নিন্দা করে একটি প্রস্তাব গৃহীত হয়।